

ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

২০। জামাআতবদ্ধভাবে এক পাত্রে খাওয়া মুস্তাহাব

খাবার কম থাকলেও তাতে বরকত হবে। মহানবী (ﷺ) বলেন,

طَعَامُ الْوَاحِدِ يَكْفِي الْإِثْنَيْنِ وَطَعَامُ الْإِثْنَيْنِ يَكْفِي الْأَرْبَعَةَ وَطَعَامُ الْأَرْبَعَةِ يَكْفِي الثَّمَانِيَةَ

“একজনের খাবার ২ জনের জন্য, ২ জনের খাবার ৪ জনের জন্য এবং ৪ জনের খাবার ৮ জনের জন্য যথেষ্ট।”[1]

তিনি বলেন, “তোমরা এক সাথে খাও এবং পৃথক পৃথক খেয়ো না। যেহেতু জামাআতের সাথে (খাবারে) বরকত আছে।”[2]

একদা সাহাবাগণ বললেন, ‘হে আল্লাহর রসূল! আমরা খাই, কিন্তু পরিতৃপ্ত হই না। (তার কারণ কি?)’ তিনি বললেন, “সম্ভবতঃ তোমরা পৃথক পৃথক খাও।” তাঁরা বললেন, ‘জী হ্যাঁ।’ তিনি বললেন, “তাহলে তোমরা খাবারে এক সাথে বস এবং আল্লাহর নাম নাও, তাহলে তোমাদের খাবারে বরকত হবে।”[3]

তিনি আরো বলেন, “আল্লাহর নিকট সবচেয়ে পছন্দনীয় খাবার হল সেই খাবার, যার উপর অনেক হাত পড়ে।”[4]

পক্ষান্তরে একাকী পৃথক পৃথকভাবে খাওয়াও বৈধ। যেমন মহান আল্লাহ বলেন, “তোমরা একত্রে আহার কর অথবা পৃথক পৃথকভাবে আহার কর তাতে তোমাদের জন্য কোন অপরাধ নেই।”[5]

ফুটনোট

[1]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৫৪৮৯, সহীহ আত-তিরমিযী আল মাদানী প্রকাশনী হা/১৮২০, ইবনে মাজাহ তাওহীদ পাবঃ হা/৩২৫৪ প্রমুখ।

[2]. ইবনে মাজাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩২৮৭, সহীছল জা’মে হা/৪৫০০

[3]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ১৫৬৪৮, আবু দাউদ হা/৩৭৬৪, ইবনে মাজাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩২৮৬, সহীছল জা’মে হা/১৪২

[4]. সহীছল জা’মে হা/১৭১

[5]. সূরা নূর-২৪:৬১